



যশোরে লিগ্যাল এইড অফিস বিষয়ক সেমিনারে আইন ও বিচার বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান

বিশেষ প্রতিবেদক

যশোরে ‘জেলা লিগ্যাল এইড অফিস’ বিষয়ক জনসচেতনতামূলক সেমিনার জেলা জজ আদালত সম্মেলন কক্ষে শনিবার সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা আইনগত সহায়তা প্রদান কমিটির সভাপতি ইসরাইল হোসেন সভাপতিত্ব সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসকের পক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাবিনা ইয়াসমিন, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক অমিত কুমার দে, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের উপ-সচিব শেখ হুমায়ুন কবীর, যশোরের বিজ্ঞ চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট রফিকুল ইসলাম ও পুলিশ সুপার আনিসুর রহমান। জেলা লিগ্যাল এইড অফিসের প্যানেলভুক্ত আইনজীবীদের পক্ষে আলোচনা করেন জেলা আইনজীবী সমিতির সভাপতি কাজী আব্দুস শহীদ লাল, সাধারণ সম্পাদক এমএ গফুর, সরকারি কোঁসুলী সোহেল শামীম ও পাবলিক প্রসিকিউটর রফিকুল ইসলাম পিটু। মুক্ত আলোচনায় অংশ নেন অভয়নগর উপজেলা নির্বাহী অফিসার সিফাত মেহনাজ, মণিরামপুর উপজেলা নির্বাহী অফিসার কামরুল হাসান, প্রেসক্লাব যশোরের সভাপতি জাহিদ হাসান টুকুন প্রমুখ। এছাড়া বিচার প্রার্থী আসমা খাতুন ও সীমা খাতুন তাদের অনুভূতি ব্যক্ত করেন। সঞ্চালনা করেন সিনিয়র সহকারী জজ (সদর) ও লিগ্যাল এইড অফিসার হেলাল উদ্দীন। জেলার সরকারি আইনি সহায়তার সাফল্য বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তুলে ধরেন প্রথম আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা জজ মঞ্জুরুল ইমাম।

সভায় প্রধান অতিথি আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অতিরিক্ত সচিব মোস্তাফিজুর রহমান বলেন, ‘জেলা লিগ্যাল এইড অফিস’ এর কার্যক্রম তৃণমূল পর্যায়ে যত বেশি তুলে ধরা যাবে ততই এর সাফল্য লাভ হবে। তিনি সামাজিক দায়বদ্ধতায় সেবার মানসিকতা নিয়ে ভুক্তভোগীদের আইনি সহায়তা প্রদানে সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। সেমিনারে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাবিনা ইয়াসমিনের উদ্ভাবিত নারী ও শিশু নির্যাতন অভিযোগ দাখিল এবং প্রতিকার বিষয়ক ‘অপরাজিতা, যশোর’ নামে একটি মোবাইল অ্যাপস জেলা প্রশাসনের মাধ্যমে খুব শিগগিরই উদ্বোধন হতে যাচ্ছে বলে অবহিত করেন এবং এ অ্যাপস বিষয়ে সম্যক ধারণা দেন।